গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

এ মন্ত্রণালয় ও সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ
সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত আছে।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম প্রথমে বিগত ২৯ জানুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত হয়।

৩। এরপর বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

৪। সাধারণ বিষয়াদি

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.১	এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) বাস্তবায়ন।	এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জানুয়ারি ২০১৮ মাসের অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বিভাগওয়ারী মনিটরিং টিম গঠন করে APA কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং জোরদার করা হয়েছে।	APA-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ (হার্ড কপি ও সফট কপি) ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রণালয়ের উইং প্রধানগণ কর্তৃক ৩ মাস অন্তর APA-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত পর্যালোচনা এবং কমিটির প্রত্যেক সদস্য কর্তৃক কমপক্ষে একটি সংস্থার APA-এর কার্যক্রম নিয়মিত পর্যালোচনা করতে হবে। (খ) বিভাগওয়ারী মনিটরিং টীম গঠন করে মাঠ পর্যায়ের দপ্তরে APAসহ অন্যান্য কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করতে হবে।	অতিঃ সচিব (সকল), সংস্থা প্রধান (সকল)
৪.২	টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন	খসড়া SDG Action Plan এর আলোকে স্টেকহোল্ডারদের নিয়ে সভা করার প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। প্রকল্পের নথি উপস্থাপনের সময় SDG এর টার্গেট বিষয়ে উল্লেখসহ নথি উপস্থাপন করার জন্য যুগ্মপ্রধানকে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	(১) SDG বিষয়ে স্টেকহোল্ডাদেরকে নিয়ে দ্রুত পর্যালোচনা সভা করতে হবে। (২) SDG এর টার্গেট উল্লেখপূর্বক নথি উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (প্রাস-১)/ যুগ্মপ্রধান/ সংস্থা প্রধান (সকল)
৪.৩	মাস্টার প্ল্যান প্রস্তুত	মন্ত্রণালয় কর্তৃক মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মাস্টার প্ল্যানের নীতিগত সম্মতি প্রদান করা হয়েছে। উক্ত মাস্টার প্ল্যান অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	(ক) মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত মাস্টার	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		মন্ত্রণালয়ে প্রাপ্ত অন্যান্য সংস্থার মাস্টার প্ল্যান দ্রুত উপস্থাপন করতে হবে। অপরদিকে, যেসকল সংস্থা খসড়া মাস্টার প্ল্যান প্রস্তুত করেনি সেসকল সংস্থাকে দ্রুত মাস্টার প্ল্যান প্রস্তুত করে জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	প্ল্যান অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। (খ) অন্যান্য সংস্থার মাস্টার প্ল্যান দ্রুত উপস্থাপন করতে হবে।	
৪.৪	আইন/ বিধিমালা প্রণয়ন	**(ক) ‘‘মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৭’’:** ২১/০১/২০১৮ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। **(খ) প্রস্তাবিত ‘‘মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন/২০১৬ :** বাবাকো হতে প্রমিতকরণকৃত খসড়া আইনটি আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরিক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে। **(গ)‘‘পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ বিধিমালা,২০১৬’’:** বিধিমালাটি লেজিসলেটিভ বিভাগের পর্যবেক্ষণের আলোকে মতামত দেওয়ার জন্য অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে। **(ঘ) ‘‘বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০১৬’’: খসড়া** আইনটি প্রমিতীকরণের জন্য বাবাকো-তে প্রেরণ করা হয়েছে। **(ঙ) প্রাণির প্রতি নিষ্ঠুরতা আইন-১৯২০ শীর্ষক আইনের পরিবর্তে প্রাণিকল্যাণ আইন ২০১৭ প্রণয়নঃ** লেজিসলেটিভ ও সংসদ বিভাগের উত্থাপিত বিষয়ের আলোকে প্রাণিসম্পদ অধিদপ্তর ও প্রাণিসম্পদ অনুবিভাগের সাথে আলোচনা করে আইনটি পুনর্গঠন করার কার্যক্রম চলমান। **(চ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৬: খসড়া** আইনটি প্রমিতীকরণের জন্য বাবাকো-তে প্রেরণ করা হয়েছে। (ছ) **সামুদ্রিক মৎস্য আইন, ২০১৭ :** লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পর্যবেক্ষণের আলোকে জবাব প্রস্তুতের কর্যক্রম চলমান। **(জ) বাংলাদেশ ভেটিরিনারি কাউন্সিল আইন** ২০১৮ : লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিংকৃত খসড়া আইনের কপি ২২/০২/২০১৮ তারিখে পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নথি উপস্থাপন করা হচ্ছে। **(ঝ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন ২০১৭:** লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক নিরীক্ষিত বিলের কয়েকটি দফা বিষয়ে বিএফআরআই এর ভিন্ন মত থাকায় তাসহ পুনরায় ভেটিং এর জন্য প্রেরণের নিমিত্তে নথি উপস্থাপন করা হয়েছে। **(ঞ) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আইন ২০১৭:** ভেটিংকৃত খসড়া আইনটি মন্ত্রিসভা-বৈঠকে চুড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণের কার্যক্রম চলমান। **(ট) যশোর জেলাধীন ভবদহ এলাকায় মৎস্য ঘের স্থাপনের জন্য নীতিমালা ২০১৭:** ০৫/৩/২০১৮ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করা হয়েছে। **(ঠ) প্রবহমান নদী ও অন্যান্য জলাশয়ে খাঁচায় মাছচাষ নীতিমালা ২০১৭:** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামত চাওয়া হয়েছে। **(ড) নিহত জেলে পরিবার বা স্থানীয়ভাবে অক্ষম জেলেদের প্রণোদনা সহায়তা প্রদান নীতিমালা ২০১৭:** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামত চাওয়া হয়েছে।	(ক)বিষয়টি Follow up করতে হবে। (খ) অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (গ) বিষয়টি Follow up করতে হবে। (ঘ)বিষয়টি Follow up করতে হবে। (ঙ)অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (চ)বিষয়টি Follow up করতে হবে। (ছ) বিষয়টি Follow up করতে হবে। (জ)বিষয়টি Follow up করতে হবে। (ঝ)অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (ঞ) দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। (ট) দ্রুত চূড়ান্ত করতে হবে। (ঠ) দ্রুত চূড়ান্ত করতে হবে। (ড) দ্রুত চূড়ান্ত করতে হবে।	অতিঃ সচিব (মৎস্য)/যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১)/ যুগ্মসচিব (ব্লু ইকোনমি)/ সংস্থা প্রধান (সংশ্লিষ্ট)
৪.৫	জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন	এ মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ জানুয়ারি ২০১৮ মাসে জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন করেছেন। **(১)** ড. শেখ হারুনুর রশিদ আহমদ, যুগ্মসচিব (বাজেট) ২-২৩ জানুয়ারি ২০১৮ মাসে ভোলা জেলার ভোলা সদর, বুরহানুদ্দিন, লালমোহন, চরফ্যাশন, তজুমদ্দিন ও দৌলতপুর উপজেলা মৎস্য	**(১)** জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও সংশ্লিষ্ট এলাকায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক সফলতার/ ভাল দিকসমূহ	অতিরিক্ত সচিব(সকল) যুগ্ম-সচিব (প্রাণিঃ-১/ ২) যুগ্ম-সচিব ব্লু

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>অফিস পরিদর্শন করেছেন।
(২) জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব (প্রশাসন-৩) ১৬ জানুয়ারি ২০১৮ তারিখ দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ অফিস পরিদর্শন করেছেন।
জনাব মোঃ মুহিবুজ্জামান, উপসচিব (মৎস্য-৫) জানুয়ারি ২০১৮ মাসে কক্সবাজার জেলা মৎস্য অফিস পরিদর্শন করেছেন।
(৩) জনাব মোঃ মোদাচ্ছের বিল্লাহ, উপসচিব (মৎস্য-৩) ১৭-১৯ জানুয়ারি ২০১৮ তারিখ জামালপুর জেলার প্রাণিসম্পদ দপ্তর, জেলা মৎস্য দপ্তর ও উপজেলা মৎস্য দপ্তর এবং ২১-২৫ জানুয়ারি ২০১৮ তারিখ নোয়াখালী জেলার মৎস্য দপ্তর, উপজেলা মৎস্য দপ্তর, সুবর্ণচর ও হাতিয়া অফিস পরিদর্শন করেছেন।
(৪) জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (মৎস্য-২) জানুয়ারি ২০১৮ মাসে সাতক্ষীরা জেলার আসাসুনি উপজেলা মৎস্য অফিস এবং খুলনা জেলার দাকোপ উপজেলা মৎস্য অফিস পরিদর্শন করেছেন।
(৫) জনাব পুলকেশ মন্ডল, সিনিয়র সহকারী প্রধান ২৩ জানুয়ারি ২০১৮ তারিখ খাগড়াছড়ি জেলায় পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য চাষ উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প পরিদর্শন করেছেন।
(৬) জনাব মোঃ আব্দুল খালেক মিঞা, সহকারী সচিব ১৭ জানুয়ারি ২০১৮ তারিখ টাংগাইল জেলার মধুপুর উপজেলা মৎস্য অফিস ও উপজেলা প্রাণিসম্পদ অফিস পরিদর্শন করেছেন।

জেলা/উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শনের ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আরো উদ্ভাবনী সম্পন্ন হওয়ার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। কর্মকর্তাদের অফিস/ প্রকল্প পরিদর্শন সংক্রান্ত সারসংক্ষেপ সভায় উপস্থাপন করার জন্যও সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।</td><td>উল্লেখ করার সাথে সাথে ত্রুটি বিচ্যুতিসমূহ বিস্তারিতভাবে উল্লেখপূর্বক দ্রুত প্রতিবেদন সচিব বরাবর ৭ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে।
(২) জেলা/উপজেলা পর্যায়ের অফিস পরিদর্শনকালে সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক অবশ্যই পরিদর্শন রেজিষ্টারে মতামত লিপিবদ্ধ করতে হবে।
(৩) পরিদর্শনকালে কাজের গুনগতমান ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জোর দিতে হবে।
(৪) উন্নয়ন প্রকল্প ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তিভূক্ত বিষয়গুলো পরিদর্শনে গুরুত্ব দিতে হবে।
(৫) পরিদর্শনে প্রদত্ত নির্দেশনা/ মতামত বাস্তবায়ন বিষয়টি তদারকী/ Follow up করতে হবে।
(৬) মাঠ পর্যায়ের প্রতিটি দপ্তরে সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কার্যক্রমের উপর অন্তত ০৫ মিনিটের একটি ভিডিও পাওয়ার পয়েন্ট-এ উপস্থাপনা রাখার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।</td><td>ইকোনমি যুগ্মপ্রধান</td></tr>
<tr><td>৪.৬</td><td>মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার</td><td>মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিত প্রচারের নিমিত্ত বাৎসরিক রোডম্যাপ অনুযায়ী রেডিও টেলিভিশনে (বেসরকারি চ্যানেলসহ) প্রচার এবং ওয়েব সাইটে প্রকাশ করা হচ্ছে।</td><td>সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিত প্রচারের নিমিত্ত বাৎসরিক রোডম্যাপ প্রস্তুতপূর্বক তদানুযায়ী রেডিও টেলিভিশনে (বেসরকারি চ্যানেলসহ) প্রচার এবং ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>DG, DoF, DG, DLS, DG, BFRI, DG, BLRI, উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর</td></tr>
<tr><td>৪.৭</td><td>অডিট আপত্তি</td><td>ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিয়মিত অডিট নিষ্পত্তির কার্যক্রম চলমান।
বিভাগওয়ারী অডিট আপত্তির হালনাগাদ প্রতিবেদন (জানুয়ারি **২০১৮**) :
<table>
<tr><th>মন্ত্রণালয়/ দপ্তর/ অধিদপ্তর ও সংস্থার নাম</th><th>মোট আপত্তির সংখ্যা (১৯৭২ হতে)</th><th>ক্রমপুঞ্জিত নিষ্পত্তির মোট সংখ্যা (১৯৭২ হতে)</th><th>হালনাগাদ অনিষ্পন্ন মোট আপত্তির সংখ্যা</th><th>দ্বিপক্ষীয় সভার সংখ্যা</th><th>ত্রিপক্ষীয় সভার সংখ্যা</th><th>দ্বিপক্ষীয় সভায় আপত্তি নিষ্পত্তির সুপারিশ</th><th>ত্রিপক্ষীয় সভায় আপত্তি নিষ্পত্তির সুপারিশ</th><th>মন্তব্য</th><th></th></tr>
<tr><td>মওপম</td><td>১১</td><td>০৭</td><td>০৪</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>**</td><td></td></tr>
<tr><td>ডিওএফ</td><td>১৩৭৩৬</td><td>৯৬৬৩</td><td>৪০৭৩</td><td>১</td><td>১</td><td>২৬</td><td>৪০</td><td>**</td><td></td></tr>
<tr><td>ডিএলএস</td><td>৮৯০২</td><td>৬০৬৪</td><td>২৮৩৮</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>***</td><td></td></tr>
<tr><td>বিএফডিসি</td><td>১৮৩৪</td><td>১৩২৫</td><td>৫০৯</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>****</td><td></td></tr>
</table></td><td>নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরিক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>বিএফআরআই</td><td>৬৫৯</td><td>৫৬৪</td><td>৯৫</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>*****</td><td></td></tr>
<tr><td>বিএলআরআই</td><td>৩১৪</td><td>২১</td><td>২৯৩</td><td>১</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td></td></tr>
<tr><td>এমএফএ</td><td>২৩</td><td>১৮</td><td>০৫</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td></td></tr>
<tr><td>মপতদ</td><td>৫</td><td>২</td><td>৩</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td></td></tr>
<tr><td>বিভিসি</td><td>১৪</td><td>-</td><td>১৪</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>৪.৮</td><td>মামলা/ মোকদ্দমা নিষ্পত্তি</td><td>মামলা/মোকদ্দমা সম্পর্কিত হালনাগাদ তথ্যঃ
<table>
<tr><th>সংস্থার নাম</th><th>সুপ্রিম কোর্ট</th><th>হাইকোর্ট</th><th>জজকোর্ট</th><th>প্রশাসনিক/ প্রশাঃআপিল ট্রাইব্যুনাল</th><th>মোবাইল কোর্ট</th><th>মোট</th><th colspan="2">নিষ্পত্তির সংখ্যা</th></tr>
<tr><td>ডিওএফ</td><td>-</td><td>৪৯২</td><td>-</td><td>১৯/ ১২</td><td>-</td><td>৫২৩</td><td></td><td>-</td></tr>
<tr><td>ডিএলএস</td><td>১২</td><td>১০০</td><td>১৬</td><td>৪/৩</td><td>৩৮</td><td>১৭০</td><td></td><td>-</td></tr>
<tr><td>বিএফডিসি</td><td>৫</td><td>১১</td><td>১৬</td><td>ফৌজ: ২</td><td>-</td><td>৩৪</td><td></td><td>-</td></tr>
<tr><td>বিএফআরআই</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>১১</td><td></td><td>-</td></tr>
<tr><td>বিএলআরআই</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৩</td><td></td><td>-</td></tr>
<tr><td>এমএফএ</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td>-</td></tr>
<tr><td>মপ্রাতদ</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td>-</td></tr>
<tr><td>বিভিসি</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td><td>-</td></tr>
</table>
মোট ৭টি নতুন রিট মামলা এ মাসে পাওয়া গেছে।</td><td>অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখা এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সংস্থা প্রধান (সকল), উপসচিব (আইন)</td></tr>
<tr><td>৪.৯</td><td>পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি</td><td>অর্থ মন্ত্রণালয়ের গত ২৮ জানুয়ারি ২০১৪ তারিখের সার্কুলার অনুযায়ী পেনশন কেইস দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

মৎস্য অধিদপ্তরঃ জানুয়ারি ২০১৮ মাসে ০২ (দুই)টি পেনশন কেস নিষ্পত্তি হয়েছে।
প্রাণিসম্পদ অধিদপ্তরঃ জানুয়ারি ২০১৮ মাসে ২টি পেনশন কেস নিষ্পত্তি হয়েছে এবং আরো ২টি পেনশন মঞ্জুরির আবেদন পাওয়া গেছে। তন্মধ্যে ১টি চলতি মাসে নিষ্পত্তি হয়েছে অন্যটি প্রক্রিয়াধীন আছে। ফেব্রুয়ারি মাসে আরো ১টি পেনশন মঞ্জুরির আবেদন পাওয়া গেছে সেটিও প্রক্রিয়াধীন আছে।</td><td>অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (মৎস্য), যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১/২), DG, DOF, DG, DLS</td></tr>
<tr><td>৪.১০</td><td>মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের হালনাগাদ গাড়ির সংখ্যা নির্ধারণ</td><td>এ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার টিওএন্ডই যুগোপযোগী ও হালনাগাদকরণের লক্ষ্যে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত ও বিদ্যমান স্থায়ী/অস্থায়ী জনবল স্থায়ী পদ কালো কালিতে এবং অস্থায়ী পদ সবুজ কালিতে চিহ্নিত করে যানবাহন ও অফিস সরঞ্জামাদি উল্লেখপূর্বক হালনাগাদ সাংগঠনিক কাঠামোর তথ্য ১২ ডিসেম্বর ২০১৭ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td><td>জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (মৎস্য) যুগ্মসচিব (প্রাস-১/ বাজেট)/ সংস্থা প্রধান (সকল)</td></tr>
<tr><td>৪.১১</td><td>জনবলের ডাটাবেইজ প্রস্তুতকরণ</td><td>সকল সংস্থার জনবলের ডাটাবেইজ (Database) নিয়মিত আপডেট করা হচ্ছে।
সংস্থায় কর্মরত কর্মকর্তাদের PDS আপডেটকরণসহ তাঁদের বৈদেশিক প্রশিক্ষণ/বদলি/পদায়নের প্রস্তাবের সাথে PDSসহ নথি উপস্থাপন করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট করতে হবে।
(খ) বৈদেশিক প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ/ বদলি/ পদায়ন ইত্যাদিরে প্রস্তাবের সাথে PDS সহ নথি উপস্থাপন করতে হবে।</td><td>সংস্থা প্রধান (সকল)</td></tr>
<tr><td>৪.১২</td><td>বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ</td><td>এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/ অধিদপ্তর/ সংস্থার বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন করের (বরাদ্দ ও ব্যয়) বিবরণ নিম্নরূপঃ
<table>
<tr><th rowspan="2">সংস্থার নাম</th><th colspan="2">বিদ্যুৎ বিল ২০১৭-২০১৮</th><th colspan="2">ভূমি উন্নয়ন কর ২০১৭-২০১৮</th><th colspan="2">পৌর কর ২০১৭-২০১৮</th><th rowspan="2"></th></tr>
<tr><th>বরাদ্দ</th><th>ব্যয়</th><th>বরাদ্দ</th><th></th><th>বরাদ্দ</th><th>ব্যয়</th></tr>
<tr><td>ডিওএফ</td><td colspan="6">চলতি ২০১৭-১৮ অর্থবছরে বিভিন্ন দপ্তরের অনুকূলে চাহিদার প্রেক্ষিতে জানুয়ারি, ২০১৮ পর্যন্ত বিদ্যুৎ বিল খাতে ৩,৮০,০০,০০০/- টাকা, পানির বিল খাতে ২৬,৫০,০০০/- টাকা, গ্যাস ও জ্বালানি খাতে ৩,৫০,০০০/-টাকা, ভূমি উন্নয়ন কর খাতে ১,১৩,০০,০০০/- টাকা এবং পৌর কর খাতে ৭৪,৬০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>ডিএলএস</td><td>৯২৯৬৩</td><td>৩০৭৮৩</td><td>১৭১২০</td><td>৫৪১</td><td>১৮৩৬৩</td><td>৭২৪৫</td><td></td></tr>
<tr><td>বিএফডিসি</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td></td></tr>
</table>
</td><td>বকেয়া বিদ্যুৎ বিল পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধপূর্বক সকল সংস্থা থেকে হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>অতিঃ সচিব (সকল), যুগ্মসচিব (বাজেট), সংস্থা প্রধান (সকল)</td></tr>
</table>

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		বিএফআরআই | - | - | - | - | - | - বিএলআরআই | বিদ্যুৎ বিল এবং ভূমি উন্নয়ন কর নিয়মিত পরিশোধ করা হচ্ছে। এমএফএ | একাডেমির বিদ্যুৎ বিল ও গ্যাসের বিল হালনাগাদ পরিশোধিত আছে। এ একাডেমিতে নিজস্ব গভীর নলকূপ এর পানি ব্যবহৃত হয়। একাডেমির ভোগ দখলাধীন ১০.৩৩ একর ভূমি বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন হতে ইজারা গৃহীত বিধায় ভূমি উন্নয়ন কর উক্ত সংস্থার মাধ্যমে নিয়মিত পরিশোধ করা হচ্ছে মপ্রাতদ | - | - | - | - | - | - বিভিসি | নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করা হচ্ছে।		
৪.১৩	জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবন অপসারণ	মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরসহ অন্যান্য সংস্থা হতে জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে অপসারণযোগ্য সকল পুরাতন/ জরাজীর্ণ ভবন যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত অপসারণ/নিলামে বিক্রয়ের কার্যক্রম অব্যাহত আছে। পুরতন/ জরাজীর্ণ ভবন অপসারণের পাশাপাশি প্রয়োজনীয় স্থাপনা/ অবকাঠামো নির্মাণের নিমিত্ত একটি প্রকল্প গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	(ক) মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরসহ অন্যান্য সংস্থা হতে জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে অপসারণযোগ্য সকল পুরাতন/ জরাজীর্ণ ভবন যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত নিলামে বিক্রয় করতে হবে। (খ) সংস্থা হতে অধীনস্থ দপ্তরসমূহে এ বিষয়ে তাগিদ প্রদান করতে হবে। (গ) পুরাতন/ জরাজীর্ণ ভবনের স্থলে নতুন স্থাপনা/ অবকাঠামো নির্মাণের প্রকল্প গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (মৎস্য), যুগ্মসচিব (প্রাস-১/২), যুগ্মপ্রধান, DG, DOF, DG, DLS
৪.১৪	আই,টি বিষয়	এ মন্ত্রণালয় এবং এর অধীন সকল সংস্থা হতে ই-ফাইলিং এর মাধ্যমে নথির কার্যক্রম চলমান। ই-ফাইলিং কার্যক্রমের গতি বৃদ্ধি করা এবং পূর্বের অবস্থা ধরে রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	সকল সংস্থায় ই-ফাইলিং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ই-ফাইলিং এর মাধ্যমে সচিব মহোদয়ের নিকট পত্র প্রেরণ করতে হবে।	অনুবিভাগ প্রধান (সকল), সংস্থা প্রধান (সকল)
৪.১৫	ইনোভেশন	এ মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর/সংস্থার যৌথ অংশগ্রহণে ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বাংলাদেশ শিল্পকলা একাডেমির আর্ট গ্যালারিতে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হবে।	শোকেসিং অনুষ্ঠান সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।	চীফ ইনোভেশন অফিসার, সংস্থা প্রধান (সকল)
৪.১৬	বৈদেশিক প্রশিক্ষণ	মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থা হতে বিদেশে প্রশিক্ষণ/ সভা/ সেমিনার/ কর্মশালা/ শিক্ষাসফর ইত্যাদিতে অংশগ্রহণের নিমিত্ত মনোনয়ন প্রস্তাবের সাথে পিডিএস সংযুক্ত করা হচ্ছে এবং প্রশিক্ষণ/ সভা/ সেমিনার/ কর্মশালা/ শিক্ষাসফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর নিয়মিত ডি-ব্রিফিং করা হচ্ছে।	মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে মন্ত্রণালয়ে ও সংস্থার কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট সংস্থায় ১৫ দিনের মধ্যে নিয়মিত ডিব্রিফিং করতে হবে।	অতিঃসচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)
৪.১৭	ই-টেন্ডারিং	মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এ ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হচ্ছে। অন্যান্য সংস্থা হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বানের কার্যক্রম প্রক্রিয়াধীন।	সকল সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।	অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)
৪.১৮	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	এ মন্ত্রণালয় এবং এর অধীন সকল সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন (ইন-হাউজ) প্রশিক্ষণ চলমান আছে। পেশাগত প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ পরিচালনা করার জন্য সচিব মহোদয়ে নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থায় বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অতিঃসচিব (প্রশাসন) সংস্থা প্রধান (সকল)
৪.১৯	জাতীয় শুদ্ধাচার কৌশল	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকল পর্যায়ে প্রতিপালন করা হচ্ছে।	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন করাসহ তা সকল পর্যায়ে প্রতিপালন করতে হবে।	যুগ্মসচিব (প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান (সকল)

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.২০	অভিযোগ নিষ্পত্তি	মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থায় সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। প্রাপ্ত অভিযোগসমূহ সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), যুগ্মসচিব (প্রাস-২), সংস্থা প্রধান (সকল)
৪.২১	জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালন	প্রতিবছর জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালন করা হবে।	প্রতিবছর জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালনের সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ লক্ষ্যে যথাসময়ে প্রস্তুতি গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (প্রাস-১/২), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

৫। মৎস্য অধিদপ্তর

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫.১	মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগবিধি সংক্রান্ত	মৎস্য অধিদপ্তর (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালার খসড়া চূড়ান্তকরণের জন্য ০৬/০৯/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১০ম ও সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৩১/১২/২০১৭ তারিখ কার্যবিবরণী পাওয়া গেছে। কয়েকটি পদের নিয়োগ যোগ্যতা, পদসংখ্যা ইত্যাদি ভুল থাকায় সংশোধনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করে ০৭/০২/২০১৮ তারিখ সংশোধিত কার্যবিবরণী পাওয়া গেছে। নথি উপস্থাপন করা হয়েছে।	মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগ বিধির বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (মৎস্য), DG, DOF
৫.২	মৎস্য অধিদপ্তরের ১৫৩১টি পদ রাজস্বখাতে সৃজন	১৫৩১টি পদের মধ্যে পুনরায় যাচাই-বাছাই করে প্রস্তাব প্রণয়নের জন্য গত ১১/০৫/২০১৭ তারিখ অতিরিক্ত সচিব (মৎস্য) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সুপারিশ অনুযায়ী ২২/০৮/২০১৭ তারিখে ৫৫৭টি পদ সৃজনে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।	এ বিষয়ে সচিব এর স্বাক্ষরে আধা-সরকারি (DO) পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।	অতিরিক্ত সচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১)

৬। প্রাণিসম্পদ অধিদপ্তর

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৬.১</td><td>ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম এবং ফিডমিল রেজিস্ট্রেশন</td><td>জানুয়ারী ২০১৮ পর্যন্ত হালনাগাদ নিবন্ধিত খামারের সংখ্যা নিম্নরুপঃ
<table>
<tr><th>খামার</th><th>ডিসেম্বর ২০১৭ পর্যন্ত</th><th>জানুয়ারী ২০১৮ মাসে</th><th>জানুয়ারী ২০১৮ পর্যন্ত সর্বমোট</th></tr>
<tr><td>গাভীর খামার</td><td>৫৮,৪৬৩</td><td>১১</td><td>৫৮,৪৭৪</td></tr>
<tr><td>ছাগলের খামার</td><td>৩,৯২১</td><td>০১</td><td>৩,৯২২</td></tr>
<tr><td>ভেড়ার খামার</td><td>৩,৬৩২</td><td>-</td><td>৩,৬৩২</td></tr>
<tr><td>মোট</td><td>৬৬,০১৬</td><td>১২</td><td>৬৬,০২৮</td></tr>
<tr><td>ব্রয়লার খামার</td><td>৫৩,৯৯০</td><td>০৩</td><td>৫৩,৯৯৩</td></tr>
<tr><td>লেয়ার খামার</td><td>১৮,৭১১</td><td>০২</td><td>১৮,৭১৩</td></tr>
<tr><td>হাঁস খামার</td><td>৭,৭০৭</td><td>-</td><td>৭,৭০৭</td></tr>
<tr><td>হ্যাচারী/ প্যারেন্ট স্টক</td><td>২০৮</td><td>-</td><td>২০৮</td></tr>
<tr><td>গ্র্যান্ড প্যারেন্ট স্টক</td><td>১৬</td><td>-</td><td>১৬</td></tr>
<tr><td>মোট হাঁস-মুরগীর খামার</td><td>৮০,৬৩২</td><td>০৫</td><td>৮০,৬৩৭</td></tr>
<tr><td>সর্বমোট খামার</td><td>১,৪৬,৬৩৪</td><td>১৭</td><td>১,৪৬,৬৫১</td></tr>
</table></td><td>ক) দেশের সকল বেসরকারি খামার, ফিডমিল ও ল্যাবরেটরি নিবন্ধনের আওতায় আনার জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
খ) ফিড মিল নিয়মিত পরিদর্শনপূর্বক মাসে কতটি ফিডমিল পরিদর্শন করা হয়েছে সে বিষয়ে মন্ত্রণালয়ে রিপোর্ট দিতে হবে।</td><td>যুগ্মসচিব (প্রাস-১/২), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর</td></tr>
<tr><td>৬.২</td><td>ঝিনাইদহ ভেটেরিনারি</td><td>সংশ্লিষ্ট রীট মামলা নং ১১৬৫৯/১৫, ২১৭৩/১৫ ও ৭৬৪৩/২০১৬ এর</td><td>আদালতের নিষেধাজ্ঞা</td><td>যুগ্মসচিব (প্রাস-</td></tr>
</table>

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	কলেজের জনবল নিয়োগ	সরকার ও বাদী পক্ষের শুনানীন্তে বিগত ২১/০১/২০১৮ তারিখে মাননীয় হাইকোর্ট কর্তৃক রায় ঘোষনা করা হয়। বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল মহোদয় কর্তৃক সরকারপক্ষে নিযুক্তীয় ডেপুটি এ্যাটর্নী জেনারেল মহোদয় সূত্রে জানা যায় কিছু গাইড লাইন/ অবজারবেশন সহকারে সংশ্লিষ্ট ৩টি রিট মামলা নিষ্পত্তি হয়। পূর্ণাংগ রায় পাওয়া গেলে এ বিষয়ে আদালতের নির্দেশনা জানা যাবে এবং নির্দেশনা মোতাবেক পরবর্তী ব্যবস্থা গৃহীত হবে।	Vacate করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	১/২/৪), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
৬.৩	প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাতে পদ সৃজন।	প্রাণিসম্পদ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে রাজস্বখাতে পদ সৃজনের জন্য গত ২৬/১১/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত আছে।	অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (প্রাস-১) DG, DLS

৭। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৭.১	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি	সরকারি কর্মচারি কল্যাণ বোর্ডের অনুমোদন না থাকায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মকর্তা/ কর্মচারীগণ কল্যাণ তহবিল হতে কোন সুযোগ-সুবিধা পাচ্ছেন না। তৎপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের স্বাক্ষরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর গত ২৫/৮/২০১৪ তারিখে একটি আধা-সরকারি (ডি,ও) পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে পনুঃ প্রস্তাব প্রেরণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	কল্যাণ তহবিলের অনুমোদন চেয়ে পুনঃ প্রস্তাব প্রেরণ করতে হবে।	অতিঃসচিব (মৎস্য) মহাপরিচালক, বিএফআরআই

৮। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৮.১	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩৯৪টি পদ সৃজন	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর জন্য রাজস্বখাতে ০২ পর্যায়ে (১৪০+৬০)=২০০টি পদ সৃজনের নিমিত্ত সংযুক্ত "ছকে" প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্রসহ প্রস্তাব এ মন্ত্রণালয় হতে ০৫/১০/২০১৭ তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিষয়ে গত ১৫.০১.২০১৮ তারিখে অর্থ বিভাগের যুগ্ম সচিব (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) জনাব মোঃ জালাল উদ্দিন এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি বিএলআরআই এ প্রক্রিয়াধীন।	বিএলআরআই এর ৩৯৪টি পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (প্রাস-২), মহাপরিচালক, বিএলআরআই

৯। মেরিন ফিশারিজ একাডেমি

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৯.১	মেরিন ফিশারিজ একাডেমির কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৬ অনুমোদন	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে সর্বশেষ ১১/১২/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মতামত এবং অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমির প্রস্তাব পর্যালোচনা করে খসড়া নিয়োগ বিধিমালাটি সংশোধন করে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে প্রেরণ করা হলে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ উক্ত নিয়োগ বিধিমালাটি চূড়ান্ত না করে কতিপয় পর্যালোচনাসহ নথিটি ফেরৎ প্রদান করে। সে মোতাবেক এ মন্ত্রণালয়ে পরবর্তি কার্যক্রম গ্রহণের জন্য বিষয়টি প্রক্রিয়াধীন।	বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপসচিব (মৎস্য-৩), অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩/৩/২০১৮
(মোঃ রইছউল আলম মন্ডল)
ভারপ্রাপ্ত সচিব